তারিখ ... 12 JUL 2003 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ১ ...

সংবাদ

# পরীক্ষার ফলাফল বিপর্যয়ের কারণে পিরোজপুরে ১৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ প্রদান

পিরোজপুর থেকে নিজস্ব সংবাদদাতা : পরীক্ষায় ফলাফল বিপর্যয়ের জন্য পিরোজপুর জেলার ১৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষা অধিদপ্তর থেকে শোকজ করা হয়েছে। এ ১৬টি শিক্ষা-প্রতিষ্ঠানের মধ্যে ৭টি মাধ্যমিক বিদ্যালয় এবং বাকি ৯টি মাদ্রাসা রয়েছে। শোকজপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলো হলো; ভাণ্ডারিয়া উপজেলার ধাওয়া-রাজপাশা আয়শা সিদ্দিকিয়া বালিকা বিদ্যালয়, মধ্য চরাইল মাধ্যমিক বিদ্যালয়, পশারীবুনিয়া আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মঠবাড়িয়া উপজেলার হাজিগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়, স্বরূপকাঠী উপজেলার আমারকাঠী বালিকা মাধ্যমিক বিদ্যালয় এবং পিরোজপুর সদর উপজেলার একপাই জুজখোলা পঞ্চগ্রাম বালিকা বিদ্যালয় ও নবগ্রাম সম্মিলিত কচুবুনিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়।

শোকজপ্রাপ্ত মাদ্রাসাগুলো হলো; ভাণ্ডারিয়া উপজেলার তেলীখালী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, আতরখালী ইসলামিয়া আলীম মাদ্রাসা, চরাইল আবদুল আলীম সিনিয়র মাদ্রাসা, চরখালী মাটিভাংগা আলীম মাদ্রাসা, পৈকখালী মেমোরিয়াল আলীম মাদ্রাসা, উত্তর ধাওয়া আলহাজ্ব কাশেমিয়া আলীম মাদ্রাসা, জুনিয়র ইসলামীয়া দাখিল মাদ্রাসা, মঠবাড়িয়া উপজেলার তুষখালী ইসলামীয়া দাখিল মাদ্রাসা এবং নাজিরপুর উপজেলার মুগারজোর বালিকা দাখিল মাদ্রাসা।

গত ২০০২ শিক্ষাবছরে এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের একজন ছাত্রছাত্রীও পাবলিক পরীক্ষায় পাস করতে পারেনি। এসব শিক্ষা প্রতিষ্ঠানে দেয়া শোকজ নোটিশে কেন ফলাফল বিপর্যয় ঘটেছে, তার কারণ ব্যাখ্যা করার জন্য বলা হয়েছে। নোটিশে প্রতিষ্ঠানের প্রধানদের এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে বলা হয়েছে যে, আগামী এক বছরে মধ্যে পাবলিক পরীক্ষায় ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে না পারলে ওই সকল শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।